

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
আরবান প্ল্যানিং
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৬.১৭.১৪

তারিখ: ৩০ মাঘ ১৪২৬

১৩ ফেব্রুয়ারি ২০২০

বিষয়: দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, রাজশাহী ও সমন্বিত জেলা কার্যালয়, রাজশাহীর অফিস ভবন নির্মাণের নিমিত্তে জমি অধিগ্রহণের অনাপত্তি প্রদান প্রসঙ্গে।

সূত্র: দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার স্মারক নং-দুদক/প্রশা: ও লজি/০৩/২০১০ (রাজশাহী)/২১৮০ (৫)
তারিখ ২২/০১/২০১৫ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, রাজশাহী ও সমন্বিত জেলা কার্যালয়, রাজশাহীর অফিস ভবন নির্মাণের জন্য বোয়ালিয়া থানাধীন চন্ডিপুর মৌজার জে. এল. নং-০৬ এর ০.১৬৯৭ (শূন্য দশমিক এক ছয় নয় সাত) একর ভূমি অধিগ্রহণের জন্য আবেদন করেছেন।

জমির তফসিল

জেলা	থানা	মৌজা	জে এল নং	আর এস দাগ নং	জমির পরিমাণ
রাজশাহী	বোয়ালিয়া	চন্ডিপুর	০৬	৬৫০, ৬৫২	০.১৬৯৭ একর

সরজমিনে পরিদর্শন প্রতিবেদন এবং রাজশাহী মেট্রোপলিটন ডেভেলপমেন্ট প্ল্যান RMDP (2004-2024) পর্যালোচনায় দেখা যায় যে, প্রস্তাবিত ভূমি Residential, Public Utilities, Communication, Transport হিসেবে উল্লেখ রয়েছে।

এমতাবস্থায়, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, রাজশাহী ও সমন্বিত জেলা কার্যালয়, রাজশাহীর অফিস ভবন নির্মাণের জন্য বোয়ালিয়া থানাধীন চন্ডিপুর মৌজায় নিম্ন লিখিত শর্তসাপেক্ষে সরকারি প্রয়োজনে ও জনস্বার্থে নির্দেশক্রমে অত্র অধিদপ্তরের অনাপত্তিপত্র প্রদান করা হল।


শর্তাবলীঃ

- ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে প্রত্যাশী সংস্থা কে প্রচলিত আইন বা বিধি বিধান মেনে ভূমি অধিগ্রহণ করতে হবে,
- রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্রের তথ্যানুসারে প্রস্তাবিত সাইটের পূর্ব পাশের বিদ্যমান রাস্তাটি প্রশস্ত করণের লক্ষে সাইটের অভ্যন্তরের দিকে প্রয়োজন মত জায়গা সংরক্ষন করে ভবন নির্মাণ করতে হবে।
- উক্ত সাইট সংলগ্ন রাস্তায় যেন যানজট সৃষ্টি না হয় সে বিষয়ে প্রত্যাশী সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি পত্র প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রস্তাবিত ভূমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের ভূমি ব্যবহারের অনাপত্তি ব্যতীত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

সংযুক্তিঃ

- ১। সরজমিনে পরিদর্শন প্রতিবেদন
- ২। রাজশাহী মেট্রোপলিটন ডেভেলপমেন্ট প্ল্যান RMDP (2004-2024) বিদ্যমান ভূমি ব্যবহার
- ৩। রাজশাহী মেট্রোপলিটন ডেভেলপমেন্ট প্ল্যান RMDP (2004-2024) প্রস্থাবিত ভূমি ব্যবহার
- ৪। গুগল ম্যাপে প্রস্থাবিত স্থান চিহ্নিত ম্যাপ



১৩-২-২০২০

মাকসুদ হাসেম
সিনিয়র প্ল্যানার


মোহাম্মদ মোরশেদ আলম
পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়,
রাজশাহী

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৬.১৭.১৪/১(৪)

তারিখ: ৩০ মাঘ ১৪২৬
১৩ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (চলতি দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) প্ল্যানার, সিনিয়র প্ল্যানার এর কার্যালয়, রাজশাহী আঞ্চলিক অফিস, নগর উন্নয়ন অধিদপ্তর, রাজশাহী
- ৪) প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর



১৩-২-২০২০

মোহসিনাত নাসরিন
প্ল্যানার